# তালা উপজেলা পরিষদের সেপ্টেম্বর/ ২০২১ মাসের মাসিক সভার কার্যাবিবরণী

সভাপতি : ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা

সভার তারিখ : ৩০/০৯/২০২১

সভার সময় : সকাল ১১.৩০

সভার স্থান : নিজ নিজ কার্যালয় হতে Zoom Cloud Meeting App এর মাধ্যমে

সভার শুরুতে উপজেলা চেয়ারম্যান সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানান। অতঃপর উপজেলা পরিষদের সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার বিধি মোতাবেক Zoom Cloud Meeting App এর মাধ্যমে সভার কাজ শুরু করেন।

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ :

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয় । অতঃপর বিভাগওয়ারী আলোচনা করা হয়:

০২। বিভাগীয় আলোচনা :

**(ক) উপজেলা প্রকৌশল বিভাগ** :

(i) ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও রাজস্ব উদ্বৃত্তের আওতায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল দপ্তর থেকে প্রকল্প তালিকা চাওয়া হয়, কিন্তু সকল ইউনিয়ন পরিষদ/দপ্তর থেকে এ তালিকা পাওয়া যায়নি। এ প্রেক্ষিতে যেসকল ইউনিয়ন থেকে তালিকা প্রদান করা হয়নি তাদেরকে দ্রুত তালিকা প্রদানের জন্য আবারও অনুরোধ জানানো হলো।

(ii) উপজেলা পরিষদ কমপ্লেক্স এর দরপত্র আহবান প্রক্রিয়া চলমান আছে। খুব দ্রুতই সদর দপ্তরের অনুমোদন সাপেক্ষে ঠিকাদার নির্বাচন করা হবে, এজন্য বিদ্যমান পুরাতন ভবন অপসারণ করা অত্যন্ত জরুরী।

(iii) আনসার শেড নির্মাণের জন্য মন্ত্রণালয় থেকে অনুমোদন (পনের লক্ষ টাকা মাত্র) পাওয়া গেছে। অনেক উপজেলায় আনসার শেড নির্মাণের প্রক্রিয়া চলমান আছে। অত্র উপজেলায় আনসার শেড নির্মাণের জন্য জায়গা নির্ধারণ করা প্রয়োজন। এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সদ্য বিদায়ী উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের গেটের সম্মুখে ফাঁকা জায়গায় প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে আনসার শেড নির্মাণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের গেট সংলগ্ন ফাঁকা জায়গায় প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। তিনটি পত্রিকায় দরপত্র (LTM) আহবানের বিজ্ঞাপন প্রকাশ করে কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(iv) স্থানীয় সরকার বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে বাংলাদেশের প্রতিটি উপজেলায় বঙ্গবন্ধু ম্যুরাল নির্মাণের নির্দেশনা থাকলেও তালা উপজেলা পরিষদের অভ্যন্তরে কোনো ম্যুরাল নির্মাণ করা হয়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের সম্মুখে বঙ্গবন্ধু ম্যুরাল নির্মাণের জন্য প্রাক্কলন অনুমোদন এবং এ কাজ দ্রুত বাস্তবায়নের জন্য (RFQ) পদ্ধতি অনুসরণ এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(v) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৫৪ তারিখঃ ১৬/০৮/২০২১ খ্রিঃ তারিখে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় অত্র তালা উপজেলায় করোনা ভাইরাসজনিত রোগ প্রতিরোধে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপ্টিক সাবান, অক্সিমিটারসহ অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয়ের জন্য ৪.৫৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে (RFQ) পদ্ধতি অনুসরণ পূর্বক উক্ত মালামাল ক্রয়ের জন্য বিধি মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হয়।

(vi) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৯০ তারিখঃ ০৭/০৯/২০২১ খ্রিঃ তারিখে ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলা পরিষদের বিভিন্ন অফিস, বাসাবাড়ি মেরামতের লক্ষ্যে অত্র তালা উপজেলায় মোট ২৮ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং আলোচনান্তে পত্রের নির্দেশনা মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করে নিম্নোক্তভাবে কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

১. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও অন্যান্য মেরামত (RFQ) পদ্ধতিতে- ৪ লক্ষ টাকা।
২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও অন্যান্য মেরামত (RFQ) পদ্ধতিতে- ৪ লক্ষ টাকা।
৩. উপজেলা চেয়ারম্যানের বাসভবন ও অন্যান্য মেরামত (RFQ) পদ্ধতিতে- ৪ লক্ষ টাকা।
৪. উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার ও অন্যান্য মেরামত (RFQ) পদ্ধতিতে- ৪ লক্ষ টাকা।
৫. উপজেলা কোর্ট বিল্ডিং ও অন্যান্য মেরামত (LTM) পদ্ধতিতে- ৭ লক্ষ টাকা।
৬. উপজেলা শিল্পকলা একাডেমি ভবন ও অন্যান্য মেরামত (LTM) পদ্ধতিতে- ৫ লক্ষ টাকা।

(খ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

আলোচনা : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অতিবৃষ্টির কারণে জলাবদ্ধতা হয়ে থাকলে দ্রুত রিপোর্ট দেয়ার জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যাণকে অনুরোধ জানান। বিষয়টি জেলা প্রশাসক মহোদয়কে জানালে দ্রুত সহায়তা পাওয়া যাবে। তিনি তার অফিস দ্রুত পুর্ণবাসন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

(গ) উপজেলা মৎস্য বিভাগ :

আলোচনা : সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, অতিবৃষ্টির কারণে ধানদিয়া, নগরঘাটা, সরুলিয়া, খলিষখালীসহ অন্যান্য ইউনিয়নের ক্ষতিগ্রস্ত মৎস্যঘেরের বিষয়ে দ্রুত রিপোর্ট দেয়ার জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান হয়েছে। প্রাপ্ত রিপোর্ট দ্রুত উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হবে। এ বিষয়ে তিনি সভার সহযোগিতা কামনা করেন।

(ঘ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :

আলোচনা : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার সভায় জানান যে, গত ১২ সেপ্টেম্বর থেকে স্কুলের ক্লাশ চলমান রয়েছে। আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে তালা বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা এবং বিজ্ঞান অলিম্পিয়াড
করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

(ঙ) উপজেলা যুব উন্নয়ন বিভাগ :

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তিনি খেশরা ইউনিয়নের ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব পালন করছেন। তার অফিসের মাধ্যমে সকল প্রশিক্ষণ সুন্দরভাবে শেষ হয়েছে। ঋণ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। ঋণ আদায়ের হার সন্তোষজনক। এ ছাড়া তার বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক গতিতে চলছে।

| ক্রঃনং | বিবরণ | | টাকা /পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | মোট ঋণ তহবিল | | ২৫,৩৮,৮০০/- | |
| ০২. | ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ | | ৪৩৩৪৪০০০/- | |
| ০৩. | চলতি অর্থ বছরে ঋণ বিতরণ | | ৪৬০০০০/- | |
| ০৪. | চলতি মাসে আদায়যোগ্য টাকার পরিমান | | ৩২১৩০০/- | |
| ০৫. | চলতি মাসে আদায়কৃত টাকার পরিমান | | ২৮৫৬৫০/- | |
| ০৬. | চলতি মাসে আদায়ের হার | | ৮৯% | |
| ০৭. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়যোগ্য | | ৩৮৫০৩৭৮৭/- | |
| ০৮. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়কৃত | | ৩৬৯৭১৬৬০/- | |
| ০৯. | ক্রমপুঞ্জিত আদায়ের হার | | ৯৬.০২% | |
| ১০. | চলতি মাস পর্যন্ত মেয়াদ উত্তীর্ন খেলাপী টাকার পরিমান | | ৮৯২৭২০/- | |
| ১১. | চলতি মাস পর্যন্ত কিস্তি খেলাপী টাকার পরিমান | | ৬৩৯৪০৭/- | |
| ১২. | ২০২০-২১ অর্থ বছরের প্রশিক্ষণ (জোরদার করন) | | ০০ জন | |
| ১৩. | ২০২০-২১ অর্থ বছরের প্রশিক্ষণ (রাজস্ব) | | ৩০ জন | |
| ১৪. | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ দেয়া হয়েছে ( জোরদার-১৯৭২+রাজস্ব ৬৭২৭) | | ৮৬৯৯ জন | |
| ১৫. | চলতি অর্থ বছরে আত্মকর্মী | | ২১জন | |
| ১৬. | ক্রমপুঞ্জিত আত্মকর্মী করা হয়েছে | | ৩৬৫৯ জন | |
| ১৭. | ঋণী সংখ্যা | রাজস্ব= | ১৮৪৭ জন | |
| | | জোরদার করন প্রকল্পে= | ০৮ জন | |
| | | পরিবার= | ২৩০ জন | |

(চ) উপজেলা মহিলা বিষয়ক দপ্তর:

আলোচনা : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, সেপ্টেম্বর-২১ মাসের সকল সরকারি কাজ প্রায় শেষ। দরিদ্র মায়েদের জন্য সহায়তা ভাতা প্রদান করা হয়েছে। এ মাসে ৪টি বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে। কয়েকদিন পূর্বে জাতীয় শিশুকন্যা দিবস পালন করা হয়েছে। ৭টি সমিতির অনুকূলে অনুদানের চেক বিতরণ করা হয়েছে। তিনি সফলভাবে রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করেছেন। এ ছাড়া তার বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক গতিতে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করন।

(ছ) উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়

আলোচনা : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তালা, সাতক্ষীরা সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানান যে, উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয় ভবনটি দীর্ঘদিন আগে নির্মাণ করা হয়েছে। বর্তমানে এই ভবনটির ফ্লোর লেভেল উপজেলা পরিষদের মাঠের লেভেল থেকে নিচু হয়ে যাওয়ার ফলে সামান্য বৃষ্টিতেই অফিসের ভিতরে পানি প্রবেশ করে জলাবদ্ধতার সৃষ্টি করে এবং প্রয়োজনীয় কাগজপত্র ও ইলেকট্রনিক্স মালামাল নষ্ট হয়ে যায়। উক্ত অফিসের সেবা গ্রহীতারা সেবা প্রাপ্তিতে নানা জটিলতার সম্মুখীন হচ্ছেন। তাছাড়া উক্ত ভবনটি দীর্ঘদিন মেরামত না করার কারণে খুবই নাজুক অবস্থার মধ্য দিয়ে অফিসের সেবা কার্যক্রম চালিয়ে যেতে হচ্ছে। এ বিষয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয়ও অবগত আছেন। যেহেতু ভবনটির ফ্লোর লেভেল উপজেলা পরিষদের মাঠের লেভেল থেকে নিচু এবং ভবনটি প্রায়ই ব্যবহারের অনুপোযোগী এজন্য ভবনটি পরিত্যক্ত ঘোষণাপূর্বক নতুন স্থানে নতুন ভবন নির্মাণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর অনুরোধ করা হলো।

**সিদ্ধান্ত ঃ** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়, বিস্তারিত আলোচনান্তে উপজেলা চেয়ারম্যান মহোদয় ভবনটি দ্রুত অপসারণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

(জ) আমার বাড়ি আমার খামার বিভাগ :

ম্যানেজার, আমার বাড়ি আমার খামার বিভাগ সভায় জানান, তার বিভাগের যাবতীয় ঋণ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়ে থাকে। বিল্ডিং নির্মাণ কাজ তদারকি কমিটির মাধ্যমে চলমান। তার বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।

(ঝ) উপজেলা উন্নয়ন ও পরিচালন বিভাগ :

সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর বলেন যে, তাঁর দাপ্তরিক কার্যক্রমের মধ্যে ৪র্থ রাউন্ডের অবকাঠামোর কাজ আগামী সপ্তাহে টেন্ডারের যাবে। এ ছাড়া ৫ম রাউন্ডের অবকাঠামো এবং ট্রেনিং এর প্রস্তাব প্রেরণ করতে হবে। ৪র্থ রাউন্ডের ট্রেনিং খুব দ্রুত শুরু করা হবে। তার কাজের সহযোগিতার জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান।

(ঞ) বিষয় : ধানদিয়া ইউনিয়নের জলাবদ্ধতা নিরসনে ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে নির্বাহ প্রসঙ্গে

চেয়ারম্যান, ধানদিয়া ইউনিয়ন পরিষদ সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানান যে, ধানদিয়া ইউনিয়নের উত্তর ও দক্ষিণ সারসায় কপোতাক্ষ নদের তীরে অতিবৃষ্টি ও সম্প্রতি ঘূর্ণিঝড় ইয়াসের কারণে ওই এলাকার প্রায় ২০০০(দুই হাজার) বিঘা কৃষি জমিতে পানি জমাট বেধে জলাবদ্ধতার সৃষ্টি হয়। অতিবৃষ্টিজনিত কারণে রোপণকৃত সকল কৃষিপণ্য জমিতেই নষ্ট হওয়ার উপক্রম হয়েছে, স্থানটি সহকারী কমিশনার ভূমি মহোদয় পরিদর্শন করেছেন। বিধায় উক্ত এলাকার জনগণের দাবীর প্রেক্ষিতে জলাবদ্ধতা নিরসনের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে প্রকল্প গ্রহণপূর্বক প্রাক্কলন অনুমোদনসহ দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং সংশ্লিষ্ট কাজ সম্পাদনের নিমিত্তে নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়ঃ

**প্রকল্পের নাম ঃ** উত্তর সারসায় কপোতাক্ষ নদের বেড়িবাধের উপর পাইপ কালভার্ট নির্মাণ।

**প্রকল্পের নাম ঃ** উত্তর সারসায় কপোতাক্ষ নদের বেড়িবাধের উপর পাইপলাইন কালভার্ট নির্মাণ।

**প্রাক্কলিত মূল্য ঃ** ১,৫৫,২৮৯.০০

| ক্রম নং | নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | অপুর্ব মুখার্জী (ইউপি সদস্য) | সভাপতি |
| ০২ | রীতা দাস | সদস্য |
| ০৩ | আনন্দ দাস | সদস্য |
| ০৪ | প্রবীর সিংহ | সদস্য |
| ০৫ | শাহীনুর খাঁ | সদস্য |
| ০৬ | সাধন দাস | সদস্য |
| ০৭ | পলাশ দাস | সদস্য সচিব |

**প্রকল্পের নাম ঃ** দক্ষিণ সারসায় কপোতাক্ষ নদের বেড়িবাধের উপর পাইপলাইন কালভার্ট নির্মাণ।

**প্রাক্কলিত মূল্য ঃ** ১,৫৫,২৮৯.০০

| ক্রম নং | নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | মোঃ আক্তার হোসেন (ইউপি সদস্য) | সভাপতি |
| ০২ | নেছার আলী শেখ | সদস্য |
| ০৩ | মোঃ শফিকুল শেখ | সদস্য |
| ০৪ | ইন্দ্রজিৎ কুমার দাস | সদস্য |
| ০৫ | কার্তিক গাইন | সদস্য |
| ০৬ | রঞ্জিলা বেগম | সদস্য |
| ০৭ | কাওছার আলী সরদার | সদস্য সচিব |

০৩। সভায় উপজেলা নির্বাহী অফিসার তার বক্তব্যে বলেন যে, সভার শুরুতে অনেক ইউপি চেয়ারম্যান এবং সচিব সভায় যুক্ত ছিলেন। প্রযুক্তির কারণে অনেকে বিচ্ছিন্ন হয়ে গেছেন। যাই হোক আসন্ন দূর্গা পুজা সুষ্ঠু ও সুন্দরভাবে উদযাপনের লক্ষ্যে আমরা সকলে মিলে একত্রে কাজ করবো। আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাতে উদ্ভব না হয়, সে দিকে সকলেই নজর রাখবো। পূজা উপলক্ষে প্রাপ্ত অনুদান সুষ্ঠুভাবে বণ্টন করবো। নিয়োগকৃত ট্যাগ অফিসারগণ যথাযথভাবে দায়িত্ব পালন করবেন। পুজার সময় যাতে যানজট না হয় এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রনের সার্বিক দায়িত্ব পালন করার জন্য দুই থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করা হল। এ ছাড়া মোবাইল কোর্টের মাধ্যমেও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। জনাব ঘোষ সনৎ কুমার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা মাসিক সভা তার সমাপনী বক্তব্যে সকলকে ধন্যবাদ জানান। পুরাতন উপজেলা পরিষদ ভবন ভেঙ্গে নূতন ভবন নির্মাণের লক্ষে অচিরেই অফিস পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে কোন দপ্তর কোথায় স্থানান্তর করা হবে, সেটির একটি সংক্ষিপ্ত ফিকচার তৈরীর জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। যাতে অচিরেই সংশ্লিষ্ট দপ্তরগুলি পুর্নবাসন করা সম্ভব হয়। তিনি আরও বলেন, উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত সকল বিভাগের উন্নয়ন কাজ সম্পর্কে সভাপতিকে অবহিত করতে হবে। এ ছাড়া উপজেলা পরিষদের অন্যান্য বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে মর্মে জানা গেল। পরিশেষে তিনি সকলকে সভায় অংশগ্রহণের জন্য কৃতজ্ঞা ও শুভেচ্ছা জানান।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
তালা, সাতক্ষীরা

স্মারক নম্বর :০৫.৪৪.৮৭৯০.০০০.০০৬.০০১.২০২১- ৮০৩ (২০১) তারিখ : ৩০.০৯.২০২১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। এড. মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ সদস্য, ১০৫-সাতক্ষীরা-১ নির্বাচনী এলাকা (তালা- কলারোয়া)

৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫। বিভাগীয় কমিশনার, খুলনা

৬। জেলা প্রশাসক, সাতক্ষীরা

৭-৫০। জনাব---------------------------------------------তালা, সাতক্ষীরা

**এস এম তারেক সুলতান**
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
তালা, সাতক্ষীরা

৩০/০৯/২১